

## অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
জনস্বাস্থ্য-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

স্মারক নম্বর : ৪৫.০০.০০০০.১৭০.৯৯.০৯৬.২৩-৬২

তারিখ : ০১ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
১৬ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ইলেক্ট্রনিক মিডিয়াতে (টেলিভিশন, রেডিও) জনস্বার্থে ডেঙ্গু বিষয়ক সচেতনতামূলক বার্তা সংবাদ পরিবেশনের  
শেষার্ধে নিয়মিতভাবে প্রচার সংক্রান্ত।

সূত্র:- স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং স্বাঃ অধিঃ/ডেঙ্গু/২০২৩/৩৬৭, তারিখঃ ১৩.০৭.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে এডিস মশা সংক্রমণের ব্যাপকতা বৃদ্ধি পেয়েছে। সাম্প্রতিককালে ডেঙ্গু রোগীর আক্রান্তের হার আশংকা জনকভাবে বৃদ্ধি পাচ্ছে। সরকারি/বেসরকারি হাসপাতালে ডেঙ্গুতে আক্রান্ত ভর্তি রোগীর সংখ্যাও বেড়েছে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সংযুক্ত বার্তা জনস্বার্থে বিনামূল্যে দেশের সকল সরকারি ও বেসরকারি ইলেক্ট্রনিক মিডিয়াতে সংবাদ পরিবেশনের শেষার্ধে নিয়মিতভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক।

### ২। ডেংগু বিষয়ক সচেতনতামূলক বার্তা:

- জরের শুরুতে অবশ্যই নিকটস্থ স্বাস্থ্য প্রতিষ্ঠান হতে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ডেংগু সনাক্তকরণ পরীক্ষাসহ প্রয়োজনীয় চিকিৎসা সেবা গ্রহণ করুন;
- বাসার ভিতরে ও চারপাশে, নির্মাণাধীন ভবন, শিক্ষা প্রতিষ্ঠান সহ ভবনের বিভিন্ন স্থানে জমে থাকা পানি অপসারণ করুন এবং পরিষ্কার রাখুন;
- দিনে অথবা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করুন;
- ডেংগু জ্বর কমে গেলে অবহেলা না করে অবশ্যই পরবর্তী জটিলতা এড়াতে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিন; এবং
- মনে রাখবেন, এ বিষয়ে অবহেলা আপনার ও আপনার পরিবারের জীবন সংশয়ের কারণ হতে পারে।

৩। এমতাবস্থায়, ব্যাপক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সংযুক্ত বার্তা জনস্বার্থে বিনামূল্যে দেশের সকল সরকারি ও বেসরকারি টিভি চ্যানেল এবং রেডিও চ্যানেলে সংবাদ পরিবেশনের শেষার্ধে নিয়মিতভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সচিব

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(ডাঃ মোঃ শিকির আহমেদ ওসমানী)

যুগ্মসচিব

ফোন: ৯৫১৫৫৩১

ph1@hsd.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।

৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪. প্রধান তথ্য কর্মকর্তা, পি.আই.ডি, তথ্য অধিদপ্তর (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারের জন্য)।
৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, ..... সিটি কর্পোরেশন (সকল)
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।